ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন





বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৪৩ ● কলকাতা ● ০১ ফাল্গুন, ১৪৩১ ● শুক্রবার ● ১৪ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## ১৫০ কোটির সদর দফতর বানাল আরএসএস



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ঝাড়েনওয়ালের আরএসএসের সদর দফতর কেশবকুঞ্জ নতুন রূপ পেল। পাঁচ লক্ষ বর্গফুট জায়গাতে গড়ে তোলা হয়েছে ১২তলা উঁচু তিনটি বাড়ি— সাধনা, প্রেরণা, অর্চনা। সঙ্ঘের তরফে জানানো হয়েছে, নতুন সদর দফতর নির্মাণে মোট খরচ হয়েছে ১৫০ কোটি টাকা।নরেন্দ্র মোদী-অমিত শাহে রাজ্য গুজরাতের স্থপতি অনুপ দাভে গুজরাতি এবং রাজস্থানি ধারার

এরপর ৩ পৃষ্ঠায়


## বীরেনের ইস্তফার পর মণিপুরে জারি রাষ্ট্রপতি শাসন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

অব্যাহত হিংসার ছবি। প্রায় বছর দেড়েক কাটিয়েও শান্ত হয়নি মণিপুর। হিংসার লাল চক্ষু যেন এখনও নজরদারি চালাচ্ছে উত্তর-পূর্ব ভারতের সেই রাজ্যে। মাঝে দিন কয়েকের জন্য সেই রাজ্যের কিছু এলাকায় সেনা-শাসনও জারি হয়েছিল বটে, তবে তাতেও যে হিংসার ছবিতে বদল এসেছিল এমনটা নয়।বৃহস্পতিবার এই প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রক থেকে একটি সরকারি বিজ্ঞপ্তি জারি করা হয়। বিজ্ঞপ্তিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর বয়ানে লেখা রয়েছে, 'আমি মণিপুরের রাজ্যপালের তরফ থেকে রিপোর্ট পেয়েছি। যা দেখে এটা কার্যত স্পষ্ট সেখানে সরকার চালানো সম্ভব নয়। তাই এই সিদ্ধান্ত।' অবশেষে সেই বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপে ভরে ওঠা মণিপুরকে শান্ত করতে নিয়ে নেওয়া হল চূড়ান্ত সিদ্ধান্ত। জারি হল রাষ্ট্রপতি শাসন। গত ৯ই ফেব্রুয়ারি সে রাজ্যের মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়েছিলেন এন বীরেন সিংহ। রাজনীতির পিচে সেই ঘটনার রেশ এখনও কাটেনি বললেই চলে। আর তার আগেই বদলে গেল মণিপুর। রাজ্য সরকার নয়। এবার

এরপর ৩ পাতায়






# মুর্শিদাবাদের বড়ঞার বড় দায়িত্ব বীরভূমেরকেষ্টকে দিলেন মমতা, লক্ষ্য ভোটে জীবন-বৈতরণি পার করা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ধীরে ধীরে বীরভূমের রাজনীতিতে সক্রিয় হচ্ছেন অনুব্রত মণ্ডল। এ বার তাঁর উপরে মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা এলাকার দায়িত্বও দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অনুব্রত বরাবর মমতার 'আশীর্বাদধন্য' নেতা। অনুব্রতকে 'কেষ্ট' বলে ডাকেন তৃণমূলের সর্বোচ্চ নেত্রী।

একদা অনুব্রতের ঘনিষ্ঠদের মধ্যেই বিবেচিত হতেন জীবনকৃষ্ণ। তবে অনুব্রতের জেলযাত্রা থেকে সেই যোগাযোগ ছিন্ন হয়ে যায়। শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত জীবনকৃষ্ণকে ২০২৩ সালের ১৭ এপ্রিল গ্রেফতার করে সিবিআই। ২০২৪ সালের ১৪ মে তিনি জামিন পান। তার পরেই বড়ঞা কেন্দ্র এবং বিধানসভায় গিয়ে 'স্বাভাবিক' কাজকর্ম শুরু করেছেন তিনি। মমতা বড়ঞা বিধানসভা এলাকার দায়িত্ব কেষ্টকে দেওয়ার পরেই আবার জীবনকৃষ্ণর সঙ্গে যোগাযোগ হয়েছে অনুব্রতের।

সেই কেষ্টর হাতেই তিনি তুলে দিয়েছেন বড়ঞার দায়িত্ব। ২০২৬ সালের বিধানসভা নির্বাচন পর্যন্ত এই দায়িত্বে থাকবেন কেষ্ট।

২০২১ সালে প্রথম বার বড়ঞা বিধানসভায় জিতেছিল তৃণমূল। বিজেপি প্রার্থী অমিয়কুমার দাসকে ২,৭০০ ভোটে হারিয়ে জয়ী হয়েছিলেন তৃণমূলের প্রার্থী জীবনকৃষ্ণ সাহা।সেই জীবনকৃষ্ণ শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় ১৩ মাস কারাবন্দি ছিলেন। জামিন পেয়ে জনপ্রতিনিধির 'স্বাভাবিক' কাজকর্ম শুরু করেছেন তিনি। কিন্তু তাঁর অনুপস্থিতিতে বড়ঞার রাজনৈতিক জমিতে বিজেপি থাবা বসিয়েছে বলেই জেনেছেন তৃণমূল শীর্ষ নেতৃত্ব। প্রমাণস্বরূপ লোকসভা ভোটের ফলাফলকে 'মাপকাঠি' হিসাবে দেখছেন তাঁরা। লোকসভা ভোটের নিরিখে বহরমপুর লোকসভা কেন্দ্রের দুই ওজনদার প্রার্থী কংগ্রেসের অধীর চৌধুরী এবং তৃণমূলের ইউসুফ পাঠান ময়দানে থাকলেও বড়ঞা বিধানসভায় বিজেপি প্রার্থী চিকিৎসক নির্মলচন্দ্র সাহা ৫৫৮ ভোটে এগিয়ে ছিলেন। সেই অল্প ভোটে পিছিয়ে পড়ার বিষয়টি নজরে আসতেই কেষ্টকে বড়ঞার দায়িত্বে পাঠানোর সিদ্ধান্ত নেন মমতা। বিধানসভা নির্বাচনে যাতে বড়ঞা নিয়ে তৃণমূল নেতৃত্বের কোনও উৎকণ্ঠা না থাকে, সেই বিষয়টি নিশ্চিত করতেই অনুব্রতকে এই দায়িত্ব দেওয়া হয়েছে। তৃণমূল সূত্রে তেমনই খবর।শুধু লোকসভা নির্বাচনে পিছিয়ে পড়া নয়, বড়ঞা বিধানসভা নিয়ে তৃণমূলের সর্বোচ্চ নেত্রীর দুর্ভাবনার আরও কারণ রয়েছে বলেই জানাচ্ছেন মুর্শিদাবাদ জেলা তৃণমূলের এক নেতা। তাঁর কথায়, ''বড়ঞার বিধায়ক জীবনকৃষ্ণ নিয়োগ দুর্নীতির অভিযোগে জেলে ছিলেন। বিধানসভা ভোটে বিজেপি বা অন্য বিরোধী দল এই বিষয়টিকেই সামনে রেখে প্রচার করবে। সেই প্রচারের মোকাবিলা করতে হবে পাল্টা প্রচার এবং জোরালো সংগঠন দিয়ে। তাই মুর্শিদাবাদ জেলা তৃণমূলের নেতারা থাকা সত্ত্বেও বড়ঞায় অনুব্রতকে দায়িত্ব দেওয়া হয়েছে।''কেষ্টকে তাঁর বিধানসভা কেন্দ্রে দায়িত্বে পাঠানোর কথা জানানো হয়েছে বিধায়ক জীবনকৃষ্ণকেও। দায়িত্ব পাওয়ার পরেই তাঁর সঙ্গে যোগাযোগ করে কথাও বলেছেন অনুব্রত। বড়ঞার বিধায়ক বলেন, ''কেষ্টদার মতো দক্ষ নেতাকে দিদি আমার বিধানসভার দায়িত্বে পাঠিয়েছেন। আমি দলের নির্দেশ মেনেই কাজ করব। কেষ্টদার সঙ্গে আমার পরিচয় দীর্ঘ দিনের। তাই কাজ করতে সুবিধাই হবে।''মুর্শিদাবাদ তৃণমূলের একটি সূত্র জানাচ্ছে, ২০২১ সালের বিধানসভা ভোটের আগে তফসিলি সংরক্ষিত বড়ঞা আসনের জন্য যখন উপযুক্ত প্রার্থী খুঁজে পাচ্ছিল না তৃণমূলের পরামর্শদাতা সংস্থা আইপ্যাক, তখন জীবনকৃষ্ণের নাম তৃণমূল নেতৃত্বের কাছে সুপারিশ করেছিলেন অনুব্রতই। কারণ, রাজনৈতিক ভাবে জীবনকৃষ্ণ মুর্শিদাবাদ তথা বড়ঞার তৃণমূলের সঙ্গে যুক্ত হলেও কর্মসূত্রে তাঁর যোগ রয়েছে বীরভূম জেলার সঙ্গে। ২০১২ সাল থেকে বীরভূমের নানুর বিধানসভা এলাকার দেবগ্রাম উচ্চ বিদ্যালয়ে শিক্ষক হিসাবে যুক্ত জীবনকৃষ্ণ। সেই সুবাদেই বীরভূম জেলা তৃণমূলের সভাপতি অনুব্রতের সঙ্গে তাঁর 'ঘনিষ্ঠ' যোগাযোগ।

## নিউ টাউনের রাস্তায় তৃণমূল বিধায়ক শওকত মোল্লার ছেলের দাদাগিরি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিউ টাউনের রাস্তায় বিধায়ক পুত্রের দাদাগিরি। বিতর্কে ক্যানিং পূর্বের তৃণমূল বিধায়ক শওকত মোল্লার ছেলে ইমরান মোল্লা। অভিযোগ, বেপরোয়া গতিতে গাড়ি চালানোর প্রতিবাদ করায় একজন ফুড ডেলিভারি বয়কে হকি স্টিক দিয়ে বেধড়ক মারধর করেন বিধায়ক পুত্র এবং তাঁর সঙ্গীরা। যদিও কিছুক্ষণের মধ্যে আরও বেশ কয়েকজন ডেলিভারি বয় ঘটনাস্থলে চলে এলে ওই জায়গা থেকে চম্পট দেন শওকত মোল্লার ছেলে ইমরান মোল্লা।এই গন্ডগোলের মধ্যেই ঘটনাস্থলে চলে আসেন আরও কয়েকজন ডেলিভারি বয়। বিধায়ক পুত্রের দাদাগিরির প্রতিবাদ করেন তাঁরা। এর পরই

এরপর ৪ পাতায়






(১ম পাতার পর)

# ১৫০ কোটির সদর দফতর বানাল আরএসএস

সংমিশ্রণে আরএসএস সদরের নকশা তৈরি করেছেন। চার একরের বেশি জমিতে গড়ে ওঠা সদর দফতরে ৪৬৩ আসনের ভিআইপি অডিটোরিয়াম হলটির নাম দেওয়া হয়েছে সঙ্ঘের শাখা সংগঠন বিশ্ব হিন্দু পরিষদের প্রয়াত নেতা অশোক সিঙ্ঘলের নামে। আশির দশকে তাঁর নেতৃত্বের প্রথম শুরু হয়েছিল রামমন্দির আন্দোলন। রয়েছে ৬০০ আসনের একটি পৃথক প্রেক্ষাগৃহ। তিনটি ভবনে সঙ্ঘের বিভিন্ন শাখার দফতর এবং স্বয়ংসেবক ও প্রচারকদের থাকার ব্যবস্থা রয়েছে। এ ছাড়া রয়েছে, হাসপাতাল, দাতব্য চিকিৎসালয় এবং পাঠাগারও। সব মিলিয়ে দীনদয়াল উপাধ্যায় মার্গে বিজেপির সদরকেও ছাপিয়ে গিয়েছে আরএসএসের কেশবকুঞ্জ।আরএসএসের তরফে জানানো হয়েছে, আগামী ১৯ ফেব্রুয়ারি শিবাজি জয়ন্তীতে নতুন ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন হবে, আরএসএস প্রধান (সরসঙ্ঘচালক) মোহন ভাগবত এবং সাধারণ সম্পাদক (সরকার্যবাহ) দত্তাত্রেয় হোসাবোলের হাতে।ভারতীয় ঐতিহ্য এবং সাংস্কৃতিক ধারা মেনে নির্মিত এই দফতরে সঙ্ঘের দৈনন্দিন কাজ পরিচালনার পাশাপাশি নেতা-কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। আয়োজন করা হবে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের নানা আলোচনাসভা ও কর্মশালার।

(১ম পাতার পর)

# বীরেনের ইস্তফার পর মণিপুরে জারি রাষ্ট্রপতি শাসন

রাষ্ট্রপতির হাতে গেল সেই রাজ্যের শাসনভার।

উল্লেখ্য, রাজ্যের টালমাটাল পরিস্থিতির কারণে নিজের দলের মধ্যে চাপে পড়েছিলেন এন বীরেন সিংহ। বিরোধী শিবির তো বটেই, দলের নেতারাও নাকি ছেড়ে কথা বলছিল না তাঁকে। সূত্রের খবর, তিনি পদৎয়াগ না করলে হয়তো খুব শীঘ্রই তাঁর বিরুদ্ধে বিধানসভায় অনাস্থা প্রস্তাব আনতেন দলেরই একাংশের নেতা।সে রাজ্যের পদ্ম শিবিরের মধ্যে মুখ্যমন্ত্রীকে নিয়ে তৈরি হওয়া চাপানউতোর পরিস্থিতি সম্পর্কে আগাম টের পেয়েছিল বিজেপির দিল্লির নেতারাও। দলীয় সূত্রে খবর, পরিস্থিতিকে সামাল দিতেই ও মণিপুরে যাতে বিরোধীরা বাড়তি মাইলেজ না পায়, সেই বিষয়টিকে রুখতে রবিবার সকালে নয়াদিল্লিতে বীরেনকে নিয়ে বৈঠকে বসেন শাহ ও নাড্ডা। সঙ্গে ছিলেন বিজেপি ও নাগা পিপলস ফ্রন্টের ১৪ জন বিধায়কও। আর সেই বৈঠকের পর ইম্ফলে ফিরে ইস্তফা দেন এন বীরেন সিংহ। বীরেনের পদত্যাগের পরেই রাজ্যের পরবর্তী মুখ্যমন্ত্রী মুখ নির্বাচনে বৈঠকে বসেছিল মণিপুরের উচ্চ স্তরের নেতারা। জানা যায়, গভীর রাত অবধি চলেছিল মুখ নির্বাচনের পর্ব। কিন্তু আখেড়ে কোনও মতেই চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হতে পারেনি তারা। আর তারপরেই এদিন জারি হল রাষ্ট্রপতি শাসন।

# ১৩৬ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করল বিএসআই



**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি, ২০২৫**

বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (বিএসআই) আজ কলকাতায় ১৩৬ তম প্রতিষ্ঠা দিবস পালন করল যথাযোগ্য মর্যাদার সঙ্গে। একই সঙ্গে শুরু হল তৃতীয় প্ল্যান্ট ট্যাক্সোনমি, এথনোবোটানি, বোটানিক গার্ডেনস এবং বায়োডাইভার্সিটি বিষয়ে ৩ দিনের আন্তর্জাতিক আলোচনাচক্র। উপস্থিত ছিলেন বিএসআই – এর অধিকর্তা ডঃ আশিহো আসোসি মাও, জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অধিকর্তা ডঃ ধৃতি ব্যানার্জী এবং দেশ বিদেশের খ্যাতনামা উদ্ভিদ বিজ্ঞানীরা। একই সঙ্গে দুটি অনুষ্ঠানের সূচনা করে ডঃ মাও বলেন, এত বড় মাপের অনুষ্ঠানে ভারতে বিজ্ঞান এবং জীববৈচিত্র্য সংরক্ষণের ভবিষ্যত নিয়ে আলোচনা করার সুযোগ পাবেন উদ্ভিদ বিজ্ঞানী, গবেষক এবং সংরক্ষণবিদরা। তিনি আরও বলেন, ভারত অন্যতম জীব ও উদ্ভিদ বৈচিত্র্যের দেশ, যার পরিবেশগত, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক গুরুত্ব অপরিসীম। তাঁর কথায়, দেশ যখন ২০৪৭ – এর বিকশিত ভারতের দিকে এগোচ্ছে, তখন উদ্ভিদ নিয়ে গবেষণায়

এরপর ৬ পাতায়

# জোরপূর্বক চিকিৎসা করাতে আসা শিশু কন্যার বমি পরিষ্কার করানো হল তার বাবাকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শান্তিপুর: জোরপূর্বক চিকিৎসা করাতে আসা নাবালিকা শিশু কন্যার বমি পরিষ্কার করানো হল তার বাবাকে দিয়েই। ঘটনায় হাসপাতাল সুপার এর কাছে লিখিত অভিযোগ শিশুকন্যার বাবার, অভিযোগ অস্বীকার অভিযুক্ত ডাক্তারের। ঘটনা তদন্ত করে দেখা হবে জানালেন সুপার । শুরু রাজনৈতিক তরজা। ফের অমানবিক দৃশ্যের সাক্ষী থাকলো নদীয়ার শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতাল।অপরদিকে এই ঘটনা সামনে আসতেই বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন রোগী কল্যাণ সমিতির সভাপতি তথা শান্তিপুর বিধানসভার বিধায়ক ব্রজ কিশোর গোস্বামী। তবে এই অমানবিক চিত্র সামনে আসতেই রাজ্যের শাসকদল এবং রাজ্যের স্বাস্থ্যব্যবস্থাকে কাঠগড়ায় দাঁড় করিয়েছে রাজ্যের বিরোধী দল বিজেপি। শুরু হয়েছে রাজনৈতিক তরজা। এখন দেখার এই ভিডিও সামনে আসার পর এবং শিশু কন্যার পরিবারের অভিযোগের ভিত্তিতে কি কি পদক্ষেপ গ্রহণ করে শান্তিপুর হাসপাতাল কর্তৃপক্ষ। যদিও এই ঘটনাকে নিন্দনীয় বলে মনে করছে শান্তিপুরবাসী।অভিযোগ গতকাল রাতে শান্তিপুর(Shantipur) হরিপুর মেলের মাঠ এলাকার বাসিন্দা সমীর শীল তার পাঁচ বছরের শিশু কন্যাকে সঙ্গে নিয়ে জ্বর এবং বমি সংক্রান্ত অসুবিধার কারণে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসা করাতে নিয়ে যান, তখনই এমার্জেন্সিতেই বমি করে ফেলে ফুটফুটে ছোট্ট নাবালিকা শিশুটি, হাসপাতালের ভেতরে বমি করেছে শিশু তাই পরিষ্কার করতে হবে তার বাবাকেই।এরপরেই জোরপূর্বক শিশুকন্যার বাবাকে দিয়ে বমি পরিষ্কার করায় এমার্জেন্সিতে কর্তব্যরত চিকিৎসক তন্ময় সরকার। ঘটনায় ডাক্তারকে একাধিকবার বললেও ডাক্তার জানান এটা রোগীর পরিবারের কর্তব্য। পরবর্তীতে বাড়ি ফিরে আজ শান্তিপুর হাসপাতালে সুপার এর কাছে লিখিত অভিযোগ জানান ওই শিশু কন্যার বাবা সমীর শীল। ঘটনায় এই ঘটনা ঘটে থাকলে তা তদন্ত করে দেখা হবে বলে জানান শান্তিপুর হাসপাতালের সুপার তারক বর্মন। অপরদিকে অভিযুক্ত ডাক্তার জানান রোগীর বাবা নিজেই বলেছিলেন তিনি বমি পরিষ্কার করে দেবেন, তাই তিনি বমি পরিষ্কার করার কথা বলেন। তবে তাকে কোনো রকম জোর করা হয়নি। এরপরেও যদি রোগীর পরিবার অভিযোগ করেন তাহলে তার কিছু বলার নেই।

## সম্পাদকীয়

### মাঘ পূর্ণিমায় চতুর্থ অমৃত স্নানে ত্রিবেণী সঙ্গমে পুণ্য স্নান করলেন লক্ষ লক্ষ ভক্ত

মহাকুম্ভ ২০২৫, বিশ্বের বৃহত্তম ধর্মীয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আজ পবিত্র মাঘ পূর্ণিমায় সফল চতুর্থ অমৃত স্নান সম্পন্ন হওয়া প্রত্যক্ষ করল। প্রয়াগরাজে লক্ষ লক্ষ ভক্ত পবিত্র ত্রিবেণী সঙ্গমে পুণ্য স্নান করলেন।

ভারতীয়দের পাশাপাশি উল্লেখযোগ্য সংখ্যায় বিদেশী ভক্তরাও অমৃত স্নানে অংশ নিলেন। রাজ্য সরকারের দেওয়া তথ্য অনুযায়ী মাঘ পূর্ণিমায় সন্ধ্যা ৬ টা পর্যন্ত ১ কোটি ৯০ লক্ষ ভক্ত পবিত্র স্নান করেছেন।

হিন্দু বর্ষপঞ্জী অনুযায়ী এই পবিত্র দিনে স্নানের বিশেষ তাৎপর্য আছে। সেই কারণেই রাত থেকে সঙ্গমে দীর্ঘ লাইন চোখে পড়ে। মাঘ পূর্ণিমার পবিত্র স্নানের মুহূর্তটি শুরু হয় ১১ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬ টা ৫৫ য়। শেষ হয় ১২ ফেব্রুয়ারি সন্ধ্যা ৭ টা ২২ এ।

মেলা প্রাঙ্গণ জুড়ে বিস্তারিত আয়োজন করে মহাকুম্ভ মেলা প্রশাসন, যাতে না কোনও ভক্ত অসুবিধার সামনে পড়েন। এছাড়াও ভক্তদের লাগাতার আবেদন জানানো হয়েছে স্নান করার পর দীর্ঘক্ষণ ঘাটে সময় না কাটিয়ে যেন তাঁরা দ্রুত নিজেদের গন্তব্যস্থলে ফিরে যান। এই সব প্রয়াসের ফলেই মাঘ পূর্ণিমার স্নান অত্যন্ত সংগঠিত এবং সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

প্রচুর ভক্ত সমাগম হওয়ায় ভক্তরা যাতে পবিত্র স্নান সেরে নিরাপদে ফিরতে পারেন তার জন্য মঙ্গলবার রাত থেকে মেলা প্রাঙ্গণ জুড়ে বড় বড় ভেরিয়েবেল মেসেজিং ডিসপ্লে (ভিএমডি) বসানো হয়। যার মাধ্যমে ভক্তদের সুবিধার জন্য প্রয়োজনীয় পরামর্শ এবং নির্দেশ দেওয়া হয়।

মাঘ পূর্ণিমায় কল্পবাসীরা ব্রাহ্ম মুহূর্তে ত্রিবেণীতে চূড়ান্ত অবগাহন শেষে ফিরে যান শিবিরে। পূজার্চনার পর ১০ লক্ষের বেশি কল্পবাসী মহাকুম্ভকে এবারের মতো বিদায় জানিয়ে তাঁদের বাড়ির উদ্দেশে যাত্রা করেন। কল্পবাসীদের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য মহাকুম্ভ প্রশাসন বিশেষ ব্যবস্থা করে এবং তা কার্যকরীভাবে সম্পন্ন হয়।

মাঘ পূর্ণিমার স্নান উৎসব সফলভাবে সম্পন্ন হওয়া সম্ভব হয়েছে মহাকুম্ভ মেলা প্রশাসন, স্থানীয় কর্তৃপক্ষ, পুলিশ, সাফাইকর্মী, স্বেচ্ছাসেবী সংস্থা, নৌকা চালক এবং কেন্দ্রীয় ও রাজ্য সরকারের একাধিক দফতরের সম্মিলিত প্রয়াসে। তাঁরা নিরলসভাবে কাজ করেছেন এই ঐতিহাসিক অনুষ্ঠানটিকে নিরাপদ ও সুসংগঠিত করতে।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ছত্রিশতম পর্ব)



রাজীবলোচন রায় ১৮০৯ খৃষ্টাব্দে মন্দিরের নির্মাণ কাজ শেষ করেন। বর্তমান এই মন্দিরটি নব্বই ফুট উঁচু। এটি নির্মাণ করতে আট বছর সময় লেগেছিল এবং খরচ হয়েছিল ৩০,০০০/- টাকা।

মন্দির সংলগ্ন জমিটির মোট আয়তন ১ বিঘে ১১ কাঠা ৩ ছটাক; বঙ্গীয় আটচালা স্থাপত্য শৈলীতে নির্মিত মূল মন্দিরটির আয়তন অবশ্য মাত্র ৮ কাঠা। কালীঘাট কালীমন্দিরের কষ্টিপাথরের কালীমূর্তিটি অভিনব রীতিতে নির্মিত। মূর্তিটির জিভ, দাঁত ও মুকুট সোনার। হাত ও মুণ্ডমালাটিও সোনার।

দেবী মায়ের সোনার জিভ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২য় পাতার পর)

## নিউ টাউনের রাস্তায় তৃণমূল বিধায়ক শওকত মোল্লার ছেলের দাদাগিরি

বেগতিক বুঝে ঘটনাস্থল ছাড়েন ইমরান মোল্লা। যদিও হকি স্টিক হাতে বিধায়ক পুত্রের ভিডিও ইতিমধ্যেই সমাজমাধ্যমে ছড়িয়ে পড়েছে। এ বিষয়ে শওকত মোল্লা অথবা তাঁর ছেলে ইমরানের কোনও প্রতিক্রিয়াও পাওয়া যায়নি।

এই ঘটনায় পুলিশে কোনও অভিযোগ দায়ের না হলেও ঠিক কী ঘটেছিল তা খতিয়ে দেখার আশ্বাস দিয়েছে টেকনো সিটি থানার পুলিশ। বিধায়ক পুত্র এবং তাঁর সঙ্গীদের দাদাগিরির ভিডিও ইতিমধ্যেই ভাইরাল হয়েছে। যদিও ওই ভিডিও-র সত্যতা যাচাই করেনি নিউজ সারাদিন।

ঘটনার সূত্রপাত বুধবার সন্ধ্যায়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, নিউ টাউনের বালিগুড়ি ভাঙার মোড় এলাকা দিয়ে দ্রুত গতিতে একটি গাড়িতে করে যাচ্ছিলেন শওকত মোল্লার ছেলে ইমরান মোল্লা। গাড়িতে ইমরানের বেশ কয়েকজন সঙ্গীও ছিলেন। অভিযোগ, দ্রুত গতিতে চলতে চলতে আচমকাই দাঁড়িয়ে যায় গাড়িটি। এর ফলে গাড়ির পিছনে মোটরসাইকেলে থাকা একজন ডেলিভারি বয় কোনওক্রমে দুর্ঘটনার হাত থেকে রক্ষা পান।অভিযোগ, ওই ডেলিভারি বয় এ ভাবে গাড়ি চালানোর প্রতিবাদ করতেই গাড়ি থেকে নেমে আসেন ইমরান এবং তাঁর সঙ্গীরা। কথা কাটাকাটির মধ্যেই আচমকা গাড়ি থেকে একটি হকি স্টিক বের করে নিয়ে এসে ওই ডেলিভারি বয়কে মারধর শুরু করেন বিধায়ক পুত্র এবং তাঁর সঙ্গীরা। ওই ডেলিভারি বয়কে বাঁচাতে আসা আরও একজন যুবককেও মারধর করা হয় বলে অভিযোগ।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিছুদিন পর আবার যখন শিবপার্বতী ঐ মন্দিরে ঘুরতে আসেন, তখন পুরোহিতকে রোগমুক্ত দেখে তার আরোগ্য হওয়ার কারণ জিজ্ঞেস করেন। পুরোহিত তাঁকে ষোল সোমবারের কথা বলে। এই শুনে পার্বতীও ষোল সোমবার করার ইচ্ছা প্রকাশ করেন। ক্রমশঃ


• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ডাকঘর প্রতারণা করেছে কি না সিআইডি দেখবে'!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জমা রাখা টাকা উধাও হওয়ার ঘটনায় সিআইডি তদন্তের নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। জামালপুর ডাকঘরের বিরুদ্ধে টাকা প্রতারণার অভিযোগ সংক্রান্ত মামলায় বৃহস্পতিবার বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশ— পূর্ব বর্ধমান জেলা পুলিশের বদলে ওই ঘটনার তদন্ত এডিজি (অতিরিক্ত ডিরেক্টর জেনারেল) সিআইডি করবে।২০২১ সালে ডাকঘরে ১২ লক্ষ টাকা জমা দিয়েছিলেন সুরজিতের বাবা মৃৎশিল্পী রণজিৎ পাল। ২০২২ সালে অসুস্থ মায়ের চিকিৎসা করার জন্য ওই টাকা তোলার চেষ্টা করেন সুরজিৎ। তাঁর ফলের ব্যবসা রয়েছে। সুরজিতের আইনজীবী উদয়শঙ্কর চট্টোপাধ্যায় জানিয়েছেন, পোস্টমাস্টার সেই টাকা দেননি। পোস্ট অফিসের বিরুদ্ধে জামালপুর থানায় অভিযোগ দায়ের করা হয়। পুলিশ কোনও পদক্ষেপ করেনি বলে মামলাকারীর অভিযোগ। এর পরেই হাই কোর্টের দ্বারস্থ



হন সুরজিৎ।বিচারপতি ঘোষ নির্দেশ দিয়েছেন, আগামী ছ'মাসের মধ্যে তদন্ত শেষ করতে হবে সিআইডিকে। একই সঙ্গে আদালত জানিয়েছে, এই মামলায় কেন সঠিক ভাবে তদন্ত হয়নি, কেন পুলিশ উপযুক্ত পদক্ষেপ করেনি, সিআইডিকে ওই বিষয়টিও খতিয়ে দেখতে হবে। তদন্তে ঢিলেমি নিয়ে আগের তদন্তকারী অফিসারদের ডেকে জিজ্ঞাসাবাদ করতে হবে সিআইডিকে।আদালতের পর্যবেক্ষণ, টাকা লোপাটের ঘটনায় গত দেড় বছরে জামালপুর থানা কোনও পদক্ষেপ করেনি। এ প্রসঙ্গে বিচারপতি ঘোষের মন্তব্য, ''কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠানে টাকা রেখে প্রতারিত হলে মানুষ কোথায় যাবে? কেন সরকারি প্রতিষ্ঠানে মানুষের গচ্ছিত টাকা থাকবে না?'' প্রসঙ্গত, জামালপুর ডাকঘরে স্থায়ী আমানত হিসাবে ১২ লক্ষ টাকা জমা রাখলেও তা আর ফেরত পাননি বলে অভিযোগ সুরজিৎ পাল নামে স্থানীয় এক যুবকের। সেই টাকা পাননি বলে তিনি অসুস্থ মায়ের চিকিৎসা করাতেও পারছেন না বলে হাই কোর্টকে জানিয়েছিলেন তিনি। সেই আবেদনের প্রেক্ষিতেই এই নির্দেশ দিয়েছেন বিচারপতি ঘোষ।

গত ৩১ জানুয়ারি এই মামলার শুনানিতে মামলাকারী সুরজিৎ অভিযোগ করেন, ডাকঘর থেকে টাকা ফেরত না-পেয়ে থানায় অভিযোগ জানিয়েও কাজ হয়নি। সে দিন বিচারপতি ঘোষ নির্দেশ দিয়েছিলেন, ওই ঘটনায় কী তদন্ত হয়েছে, কী পদক্ষেপ করেছে পুলিশ, এক সপ্তাহের মধ্যে তা জানাতে হবে। পাশাপাশি ওই মামলার কেস ডায়েরি তলব করেছিল হাই কোর্ট। বৃহস্পতিবার শুনানিতে পুলিশের জবাবে অসন্তুষ্ট বিচারপতি তদন্তের ভার সিআইডিকে দেওয়ার নির্দেশ দেন।

# পঞ্চগ্রাম ও চাঁদা মৌজায় কংক্রিট ব্রিজ ভেঙে যাওয়ায় বেহাল দশার কারণে ভোগান্তি পোহাচ্ছে শত শত শিক্ষার্থীসহ এলাকাবাসী

**বাইজিদ মন্ডল ডায়মন্ড হারবার**

একটি কংক্রিট ব্রিজ ভেঙে যাওয়ায় বেহাল দশার কারণে ভোগান্তি পোহাচ্ছে শত শত শিক্ষার্থীসহ সরকারি হ্যাপলাতের রুগী ও এলাকাবাসী। এটি ডায়মন্ড হারবার ১নম্বর ব্লক বাসুল ডাঙ্গা অঞ্চলে চাঁদা,কবিরা,মরুইবেরিয়া যার সংযোগস্থলে,পঞ্চগ্রাম প্রমথনাথ হাই স্কুল ও পঞ্চগ্রাম রুরাল হাসপাতাল সংলগ্ন। পঞ্চগ্রাম ও চাঁদা মৌজায় খালের উপর কংক্রিট ব্রিজটি দীর্ঘ কয়েক বছর যাবত জরাজীর্ণ অবস্থায় ছিল। কংক্রিট ব্রিজের উপর সিমেন্টের তৈরি পাটা ধসে যাওয়ায় মরণ ফাঁদে পরিণত হয়েছে। এই ব্রিজটির একদম বিকলাবস্থা সৃষ্টি হয়েছে, যা চলাচলের একদম অযোগ্য। সীমাহীন এ দুর্ভোগে পড়েছে এক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়,কয়েকটি প্রাথমিক বিদ্যালয়র শত শত শিক্ষার্থী ও পঞ্চগ্রাম সরকারি হাসপাতাল এর রুগিরা। বিকল্প যাতায়াত এর পথ অনেক কঠিন থাকার কারণে, মরণফাঁদ জেনেও পার হচ্ছেন গ্রামবাসীসহ প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। সরেজমিন জানা যায়, কংক্রিট ব্রিজ বিচখাঁন থেকে ভেঙে যাওয়ায় এ রাস্তা দিয়ে চলাচলের একমাত্র যানবাহন মোটরবাইক ও অন্যন্য জান চলাও বন্ধ হয়ে গেছে। আগে অনেক সময় ঝুঁকি নিয়েই মোটরসাইকেল পার হতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ছেন চালকরা। কংক্রিট এর ব্রিজটির বেহাল দশা প্রায় কয়েক বছর যাবত। প্রায় এক বছর আগে ব্রিজের উপরের পাটা ধসে পড়ায় স্থানীয় জনপ্রতিনিধিদের তেমন কোনো তৎপরতা না থাকায় স্থানীয় তারা সাময়িকভাবে চলা চলের জন্য মেরামত করে দেন। কিন্তু যোগাযোগের তাগিদে প্রতিনিয়ত ব্রিজ দিয়ে

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# আমরা কারও ধার ধারি না', মোল্লা ইউনূসকে হুঁশিয়ারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রধানের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ঢাকা: বিচার প্রক্রিয়ায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মোল্লা মুহাম্মদ ইউনূসের অনধিকার চর্চার বিরুদ্ধে কার্যত বিদ্রোহ ঘোষণা করলেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার। বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) হুঙ্কার ছেড়ে তিনি বলেন, 'সরকারের শীর্ষ কর্তারা বিচার প্রক্রিয়া নিয়ে নানা কথা বলছেন।



আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে শেখ হাসিনা-সহ তাঁর সঙ্গীদের বিরুদ্ধে চলা মামলার রায় কবে বের হবে তা নিয়ে বুধবার আলটপকা মন্তব্য করেন মুহাম্মদ ইউনূসের বিশ্বস্ত সঙ্গী তথা আইন উপদেষ্টা আসিফ নজরুল। আগামী অক্টোবরের মধ্যেই শেখ হাসিনা ও আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে চলা একাধিক মামলার মধ্যে ৩-৪টির রায় ঘোষণা হবে বলে সাংবাদিকদের জানিয়েছিলেন তিনি। আর ওই মন্তব্য নিয়ে বৃহস্পতিবার উষ্মাপ্রকাশ করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার। কার্যত অন্তর্বর্তী সরকারের দাদাগিরির বিরুদ্ধে সরব হয়ে তিনি বলেন, ''আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল স্বাধীন। কারও ধার ধারে না। আমরা কারও কথাও শুনব না। এ ধরনের বক্তব্য বিচার নিয়ে বিরূপ ধারণা তৈরি করবে। যেখানে মামলার তদন্তই শেষ হয়নি তখন রায়ের কথা বললে বিচার নিয়ে বিরূপ ধারণা তৈরি হবে। কাউকে শাস্তি দেওয়ার জন্য সরকারের তাগিদ থাকতে পারে। কিন্তু সরকারের সেই মনোবাসনা পূর্ণ করা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের দায়িত্ব নয়।' এর পরেই ভবিষ্যতে এই ধরনের মন্তব্য করা হলে কড়া ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার।তারা স্পষ্ট জেনে রাখুন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল স্বাধীন। কারও ধার ধারে না। আমরা কারও কথাও শুনব না। বিচার নিয়ে বিরূপ ধারণা তৈরি করে এমন কোনও মন্তব্য করবেন না।' রাজনৈতিক পর্যবেক্ষকরা মনে করছেন, 'প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে বিচার চালানোর নামে কোনও প্রহসনের যে তিনি অংশীদার হবেন না, তা এদিন স্পষ্ট করে বুঝিয়ে দিয়েছেন বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার।কিন্তু আচমকাই কেন মোল্লা ইউনূস সরকারের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করলেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান? গত ৫ অগস্ট সেনা বিদ্রোহের মুখে শেখ হাসিনা সরকারের পতন হয়েছে। এর পরেই জুলাই-অগস্টে কোটা সংস্কার আন্দোলন দমনের জন্য বঙ্গবন্ধু কন্যা এবং তার মন্ত্রিসভার সদস্য সহ আওয়ামী লীগ নেতা-কর্মীদের বিরুদ্ধে গণহারে খুন-গুমের মামলা দায়ের করেছে পাকিস্তানি গুপ্তচর সংস্থার মদতপুষ্ট মোল্লা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। এমনকি বাদ যাননি দেশের প্রাক্তন দুই ক্রিকেটার সাকিব আল হাসান-মাশরাফি বিন মর্তুজা সহ মুক্তিযোদ্ধাপন্থি সাংবাদিক, সাহিত্যিক অভিনেতা-অভিনেত্রী এবং গায়করাও। ওই মামলার বিচার হচ্ছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে। যে আদালত গঠন হয়েছিল শেখ হাসিনার জমানায়। বঙ্গবন্ধু কন্যা-সহ আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে মামলা পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছে স্বঘোষিত মুক্তিযুদ্ধ বিরোধী এবং জঙ্গি সংগঠন শারকীয়া হিন্দালের অন্যতম পৃষ্ঠপোষক তাজুল ইসলামকে।

(৫ পাতার পর)

## পঞ্চগ্রাম ও চাঁদা মৌজায় কংক্রিট ব্রিজ ভেঙে যাওয়ায় বেহাল দশার কারণে ভোগান্তি পোহাচ্ছে শত শত শিক্ষার্থীসহ এলাকাবাসী

মোটরবাইক, ভ্যান, সেই সঙ্গে হাজার হাজার মানুষ ও শিক্ষার্থীদের চলাচলের কারণে এখন জীর্ণশীর্ণ কংক্রিট এর ব্রিজটি ভেঙে গেছে। শিশুরা ঝুঁকিপূর্ণ ব্রিজ দিয়ে যাতায়াত করতে গিয়ে প্রায়ই ছোট-বড় দুর্ঘটনার শিকার হচ্ছে। বর্তমানে ব্রিজটির অবস্থা খুবই করুণ অবস্থা। যে কোনো সময় পড়ে গিয়ে বড় ধরনের দুর্ঘটনার শিকার হতে পারেন পথচারীসহ শিক্ষার্থীরা। সরকারি স্কুল ও পাবলিক স্কুলের শত শত শিক্ষার্থীর চলাচলের একমাত্র ব্রিজটি ঝুঁকিপূর্ণ হওয়ায় চরম বিপাকে পড়েছেন অভিভাবকরা। স্থানীয় বাসিন্দা এক মহিলা বলেন,কয়েক বছর ধরেই এই কংক্রিট এর ব্রিজ জীর্ণশীর্ণ অবস্থায় আছে জীবনের ঝুঁকি নিয়ে মানুষ চলাচল করে। মাঝে মাঝে কংক্রিট এর ব্রিজটি এভাবে কাঁপতে কাঁপতে সেতুর মাঝ বরাবর এলেও কখনো কখনো নিজেকে সামলাতে না পেরে পড়ে যায় খালের পানিতে। এই কয়েকদিন আগে এক বাইক চালক এর উপর দিয়ে পর হতে গিয়ে ভেঙে পড়ে,অল্পের জন্য বড় দুর্ঘটনা থেকে রক্ষা পায় বাইক চালক। অথচ ব্রিজটি মেরামতের জন্য স্থানীয় গ্রাম পঞ্চায়েত মেম্বার ও সংশ্লিষ্ট দফতরের কোনো মাথা ব্যথাই নেই। মাঝে মধ্যে শুনি টেন্ডার হয়েছে, তবে মেরামত কবে হবে জানা নেই। এই কংক্রিটের ব্রিজটি খুবই গুরুত্বপূর্ণ। অচিরেই এ সমস্যা সমাধান করবে হবে সেইটা এখন দেখার।

(৩ পাতার পর)

## ১৩৬ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করল বিএসআই

প্ল্যান্ট ট্যাক্সোনমি এবং জীব বৈচিত্র্য সংরক্ষণ ও সুস্থায়ী উন্নয়নে বোটানিক গার্ডেনের ভূমিকায় বিএসআই –এর প্রয়াসের পর্যালোচনা করা আবশ্যিক হয়ে পড়েছে। তিনি বলেন, এই ধরনের সম্মেলন উদ্ভাবনীমূলক রণকৌশল, আন্তঃবিভাগীয় সহযোগিতা এবং গবেষণার জন্য প্রয়োজনীয় নীতির আবশ্যিকতা প্রকাশ করে, যাতে ভারতের জীববৈচিত্র্য সুস্থায়ী হয়।

জেডএসআই – এর অধিকর্তা ডঃ ব্যানার্জী তাঁর উদ্বোধনী ভাষণে বিএসআইকে অভিনন্দন জানান এখনও প্রাসঙ্গিক থাকার জন্য এবং অর্থবহ ১৩৬ বছরের দীর্ঘ যাত্রার জন্য। তিনি প্রতিষ্ঠানকে ভবিষ্যতের জন্য শুভেচ্ছা জানান। তিনি এশিয়াটিক সোসাইটিতে একই সঙ্গে এই দুই প্রতিষ্ঠানের যাত্রার সূচনার ঐতিহ্য স্মরণ করে জেডএসআই এবং বিএসআই – এর 'বিরাসত' এবং 'বিকাশ' ছাড়াও দুটি সংস্থার সুস্থায়ী উন্নয়ন এবং নেতৃত্বদান বিষয়ে আলোচনা করেন। তিনি দুটি প্রতিষ্ঠানকে জৈব ঐতিহ্যের অভিভাবক এবং পরিবেশে ভারসাম্য রক্ষার স্থপতি হিসেবে বর্ণনা করেন। পরিবেশে ভারসাম্য রক্ষায় দুই সংস্থার প্রাসঙ্গিকতারও উল্লেখ করেন তিনি।


ন্যাশনাল বায়োডায়ভার্সিটি (এনবিএ)- এর সদস্য সচিব ডঃ বি বালাজি, পরিবেশ, অরণ্য এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রকের বিজ্ঞানী জি শ্রী রঘুনাথ কুমার কোদালি, ওয়েস্ট বেঙ্গল বায়োডাইভার্সিটি বোর্ডের চেয়ারম্যান ডঃ হিমাদ্রিশেখর দেবনাথ এবং বিএসআই- এর রিসার্চ অ্যাডভাইসরি অ্যান্ড মনিটরিং কমিটির অধ্যাপক সি আর বাবুও অনুষ্ঠানে ভাষণ দেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পরে বিএসআই প্রকাশিত ফ্লোরা অফ ইন্ডিয়া, বুক অফ অ্যাবস্ট্র্যাক্টস ইত্যাদি বইয়ের আবরণ উন্মোচন হয়।

তিনদিনের এই সম্মেলনের সমাপ্তি হবে ১৫ ফেব্রুয়ারি ২০২৫।

# সিনেমার খবর

## বিচ্ছেদের পর নতুন প্রেমের সন্ধানে মালাইকা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মালাইকা অরোরা ও অর্জুন কাপুরের প্রেম জীবন নিয়ে বরাবরই সবার আগ্রহ তুঙ্গে। যখন থেকে তাদের বিচ্ছেদ প্রসঙ্গ প্রকাশ্যে এসেছে, সবাই জানতে চেয়েছেন তবে কি এবার নতুন সম্পর্কে জড়িয়েছেন? কার সঙ্গে ডেটিং করছেন অর্জুন? মালাইকা কি আরও একবার নতুন করে প্রেম খুঁজে পেলেন জীবনে? যদিও এই প্রথম প্রেম ভাঙেনি মালাইকার। অর্জুনের সঙ্গে ব্রেকআপের আগেও বিয়ে ভেঙেছে অভিনেত্রীর। তবে এখন প্রেম নিয়ে কী ভাবেন তিনি?

অভিনেত্রীর জীবনে এর আগেও দুটি সম্পর্ক ভেঙেছে। দীর্ঘদিন প্রেম করার পর বিচ্ছেদ হয়েছে তার। এমতাবস্থায় অনেকের নেই প্রশ্ন, আর কি নতুন কাউকে তার জীবনে এন্ট্রি দেবেন মালাইকা? নাকি ভবিষ্যতে একাই থাকতে চাইবেন? এই প্রশ্নই ঘুরপাক খাচ্ছে ভক্তদের মনেও। ব্রেকআপের পর প্রেম নিয়ে কী ভাবছেন মালাইকা, সেই তথ্যও এবার প্রকাশ্যে।

ইনস্টাগ্রাম স্টোরিতে একটি ভিডিও শেয়ার করেছেন মালাইকা। একটি ভিডিওতে প্রেম সম্পর্কে অভিনেত্রী খোলাখুলি কথা বলেছেন। যেখানে দেখা যাচ্ছে, একটি মেয়ে সুন্দর পোশাক পরে আনন্দে নাচছেন। তার সঙ্গীর সঙ্গে জমিয়ে ছবি তুলছেন।

ক্যাপশনে মালাইকা লিখেছেন, ভালোবাসা ধৈর্যের, দয়ার। ভালোবাসা মানে ধীরে ধীরে মন হারানো।

মালাইকার এই পোস্ট দেখে অনেকেরই মনে হচ্ছে, তবে কি তিনি এখনও প্রেমে বিশ্বাসী? নতুন প্রেম খুঁজে পাওয়ার আশায় এখনও রয়েছেন তিনি? এখন সবাই এটাই জানতে মুখিয়ে, কবে আবারও ভালোবাসার মানুষ আসবে তার জীবনে।

সম্প্রতি নিজের বিয়ের পরিকল্পনার কথা জানান অর্জুন কাপুর। অভিনেতা বলেন, এখনও বিয়ে নিয়ে পরিকল্পনা করিনি। তবে তেমন কিছু ভাবলে প্রথমেই সবাইকে জানাবো। তবে আজ আমরা যদি শুধু সিনেমা নিয়ে কথা বলি, তাহলে ভালো হয়। ব্যক্তিগত জীবন নিয়ে আমি এর আগে বহু কথা বলেছি। বাকিদের আমার জীবন নিয়ে কথা বলার সুযোগ দিয়েছি। কিন্তু আপাতত আর ব্যক্তিগত জীবন নিয়ে কথা বলতে চাই না।

## যে কারণে আদালতের দ্বারস্থ হলেন ঐশ্বরিয়া-কন্যা আরাধ্যা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউড তারকা অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়ার কন্যা আরাধ্যা বচ্চন জন্মের পর থেকেই তারকা। তাকে নিয়ে প্রায়ই গণমাধ্যমে সংবাদের শিরোনাম হয়। তার বয়স এখন ১৩ বছর। বলিউড শাহেনশাহ অমিতাভের এ নাতনিকে নিয়ে সাধারণ মানুষের কৌতূহল বরাবরই তুঙ্গে ছিল। এবার তাকে কেন্দ্র করে নেট দুনিয়ায় ভুল, বিভ্রান্তিকর খবর ছড়িয়ে পড়ার অভিযোগে দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বচ্চন পরিবার।



অভিযোগ, আরাধ্যা বচ্চনের স্বাস্থ্য সংক্রান্ত নানা ভুয়া বিভ্রান্তিকর খবর বিভিন্ন ওয়েবসাইট ঘুরে বেড়াচ্ছে। আর সেই কারণেই আদালতের দ্বারস্থ অমিতাভ বচ্চনের নাতনি। এর আগেও, ২০২৩ সালে একই অভিযোগ উঠেছিল। সেগুলো সরিয়ে ফেলার নির্দেশ দিয়েছিল আদালত। কিন্তু এখনও নেটদুনিয়ায় আরাধ্যা 'গুরুতর অসুস্থ' বা 'মারা গেছেন'-এই সংক্রান্ত মিথ্যা দাবিসহ প্রতারণামূল একাধিক ভিডিও রয়েছে।

অনলাইনে এখনও তাকে নিয়ে বেশকিছু বিভ্রান্তিকর তথ্য রয়ে গেছে বলে আদালতকে জানিয়েছেন আরাধ্যা। এবার এই বিষয়ে কড়া পদক্ষেপ নেওয়া উচিত বলে দাবি বচ্চন পরিবারের। আরাধ্যার আবেদনের পরিপ্রেক্ষিতে দিল্লি হাইকোর্ট গুগলকে নোটিস পাঠিয়েছে বলেও জানা গেছে। মামলাটির পরবর্তী শুনানি ১৭ মার্চ।

## ‘চুমু-কাণ্ডে’ সমালোচনার মুখে যা জানালেন উদিত নারায়ণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সম্প্রতি নতুন বিতর্কে জড়ালেন বলিউডের জনপ্রিয় গায়ক উদিত নারায়ণ। মঞ্চে এক নারী ভক্তের ঠোঁটে চুমু দিয়ে ৭০ বছর বয়সী এই শিল্পী সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার মুখে পড়েছেন। তবে উদিত নারায়ণ দাবি করেছেন, তিনি ‘ভদ্রলোক’ এবং ভক্তদের ভালোবাসা উপেক্ষা করতে চান না।

মিন্টের প্রতিবেদন থেকে জানা যায়, উদিত নারায়ণ তার জনপ্রিয় গান ‘টিপ টিপ বারসা পানি’ পরিবেশন করছিলেন। গান চলাকালীন মঞ্চের সামনে কয়েকজন নারী ভক্ত সেলফি তোলার জন্য আসেন, আর উদিত নারায়ণ তাদের আবদার মেটানোর পর চুমু দেন এই গায়ক। সামাজিক যোগাযোগমাধ্যমে এই দৃশ্যের ভিডিও ভাইরাল হয় এবং তিনি ‘উদ্ভট’ আচরণের জন্য তীব্র সমালোচিত হন।

নেটিজেনদের কটাক্ষের জবাবে উদিত নারায়ণ সামাজিক যোগাযোগমাধ্যমে বলেন, ভক্তদের খুশি করতে চুমু দেয়া কোনো বড় বিষয় নয়। আমি নিপাট ভদ্রলোক এবং ভক্তদের ভালোবাসাকে সম্মান করি। দীর্ঘ ৪৬ বছরের ক্যারিয়ারে কখনো তার ইমেজ নষ্ট হয়নি এবং তিনি ভক্তদের খুশি করার জন্য এমন কাজ করেছেন।

উদিত নারায়ণ আরও বলেন, ভক্তরা আমাকে ভালোবাসে, এবং তাদের খুশি করতে আমাদেরও দায়িত্ব রয়েছে। এই ঘটনাকে কোনোভাবেই বড় করে দেখানোর প্রয়োজন নেই।

এদিকে, ভাইরাল হওয়া ‘চুমু-কাণ্ডে’র ভিডিওতে দেখা যায়, উদিত নারায়ণ গাইতে গাইতে কয়েকজন নারী ভক্তের সঙ্গে সেলফি তোলেন এবং পরে তাদের ঠোঁটে চুমু দেন। সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিওটি ছড়িয়ে পড়লে অনেকেই তীব্র সমালোচনা করেন, কিছু নেটিজেন এমন আচরণকে বয়সজনিত ভ্রম কিংবা এআই প্রযুক্তির ভুল ফল বলে মন্তব্য করেছেন।

তবে উদিত নারায়ণ স্পষ্টভাবে জানান, ভিডিওটি এআই দিয়ে বানানো নয়। এখনো এই বিষয়টি নিয়ে বিতর্ক চলছে এবং উদিত নারায়ণের এই আচরণকে নিয়ে নেটপাড়ায় তুমুল আলোচনা চলছে।

# আমি সর্বকালের সেরা, আমিই গোট: রোনালদো

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পেলে, ম্যারাডোনা, লিওনেল মেসি নাকি ক্রিস্টিয়ানো রোনালদো, ফুটবল ইতিহাসের সর্বকালের সেরা কে? এ নিয়ে নানা ধরনের নানা যুক্তি রয়েছে ভক্ত-সমর্থকদের মধ্যে। তবে সব যুক্তি তর্কের ঊর্ধ্বে গিয়ে নিজেকেই সর্বকালের সেরা দাবি করলেন ক্রিস্টিয়ানো রোনালদো।

সম্প্রতি স্প্যানিশ সাংবাদিক এডু আগুইরেকে দেওয়া 'এল চিরিংগিতো দে হুগোনেস'-এর এক সাক্ষাৎকারে রোনালদো দৃঢ়ভাবে ঘোষণা করেন যে তিনি ফুটবলের ইতিহাসের সর্বকালের সর্বশ্রেষ্ঠ ও সবচেয়ে সম্পূর্ণ ফুটবলার। ফুটবলীয় দক্ষতার বিচারে ম্যারাডোনা, পেলে বা মেসির সঙ্গে তার তুলনা চলে না।

সাহসিকতার সঙ্গে রোনালদো দাবি করেছেন, 'আমি সর্বকালের সেরা। আমিই গোট। আমি এতে বিশ্বাস করি। আমি দ্রুত, আমি শক্তিশালী, আমি হেডে গোল করি, বাঁ পায়েও গোল করি- আমার চেয়ে সম্পূর্ণ খেলোয়াড় আর কেউ নেই।'



ক্রিস্টিয়ানো রোনালদো।

তিনি আরও বলেন, 'আমি এখন পর্যন্ত বিদ্যমান সবচেয়ে পরিপূর্ণ ফুটবলার। আপনি মেসি, পেলে বা ম্যারাডোনাকে পছন্দ করতেই পারেন, কিন্তু আমি ফুটবলের ইতিহাসে সবচেয়ে সম্পূর্ণ এবং শ্রেষ্ঠ। আমি এখনো আমার চেয়ে ভালো কাউকে দেখিনি।'

নিজের অসাধারণ গোলসংখ্যার কথাও উল্লেখ করে বলেন, 'আমি সর্বকালের সর্বোচ্চ গোলদাতা। আমি বাঁ পায়ের খেলোয়াড় নই, তবুও বাঁ পায়ে করা গোলের তালিকায় আমি সেরা দশের মধ্যে আছি। এসব পরিসংখ্যান প্রমাণ করে যে আমি ফুটবল ইতিহাসের সবচেয়ে পরিপূর্ণ খেলোয়াড়।'

সাক্ষাৎকার জুড়ে নিজের ফুটবল ক্যারিয়ারের সেরা মুহূর্তগুলো নিয়ে স্মৃতিচারণ করেন রোনালদো, বিশেষ করে সেই ক্লাবের কথা। যেখানে তিনি সবকিছু অর্জন করেছেন এবং তার ক্যারিয়ারের সবচেয়ে সুখের সময় কাটিয়েছেন। আলোচনার গুরুত্বপূর্ণ অংশ ছিল মেসি ও বার্সেলোনার বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা নিয়ে। যেখানে তিনি স্বীকার করেন যে ক্যাম্প ন্যুতে গোল করা সান্তিয়াগো বার্নাব্যুতে গোল করার চেয়েও বেশি উপভোগ করতেন।

রোনালদো বলেন, 'আমি সেই পরিবেশে দারুণ খেলতে পারতাম; দর্শকদের বিদ্রুপ আমাকে আরও বেশি অনুপ্রাণিত করত গোল করার জন্য এবং সমালোচকদের চুপ করিয়ে দেওয়ার জন্য। ক্যাম্প ন্যুতে গোল করাই আমার বেশি ভালো লাগতো বার্নাব্যুর চেয়ে।'

মেসির সঙ্গে সম্পর্ক নিয়ে আল নাসের তারকা বলেন, 'মেসির সঙ্গে আমার ভালো সম্পর্ক ছিল; একবার তাকে একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অনুবাদ করে সাহায্য করেছিলাম। সে আমাকে সবসময় ভালোভাবে গ্রহণ করেছে।'

## থমকে যাওয়া র‍্যাশফোর্ডের ক্যারিয়ারে নতুন গতি



মার্কাস র‍্যাশফোর্ড।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কোচের আস্থা হারিয়ে ম্যানচেস্টার ইউনাইটেডে একরকম ব্রাত্য হয়ে পড়েছিলেন মার্কাস র‍্যাশফোর্ড। থমকে গিয়েছিল তার ক্যারিয়ার। অবশেষে সেটা নতুন গতি পাওয়ার পথ খুলল। ওল্ড ট্র্যাফোর্ড থেকে ধারে ইংলিশ ফরোয়ার্ডকে টানল অ্যাস্টন ভিলা।

চলতি মৌসুমের বাকি সময়ের জন্য ভিলার সঙ্গে র‍্যাশফোর্ডের চুক্তির বিষয়টি দুই ক্লাবের পক্ষ থেকেই নিশ্চিত করা হয়েছে। গণমাধ্যমের খবর, চুক্তির শর্ত অনুযায়ী ২৭ বছর বয়সী এই ফুটবলারকে পাকাপাকিভাবে কিনে নেওয়ার সুযোগও থাকছে ভিলার। ক্যারিয়ারে নতুন দুয়ার উন্মোচিত হওয়ায় স্বস্তির নিঃশ্বাস ফেলছেন র‍্যাশফোর্ড। ইনস্টাগ্রাম বার্তায় ধন্যবাদ জানিয়েছেন দুই ক্লাবকেই।

তিনি জানান, “আমি ভাগ্যবান যে, কয়েকটি ক্লাব আমার প্রতি আগ্রহ প্রকাশ করেছে, তবে অ্যাস্টন ভিলাকে বেছে নেওয়া সহজ সিদ্ধান্ত ছিল... চলতি মৌসুমে অ্যাস্টন ভিলা খেলা এবং দলটির কোচের উচ্চাকাঙ্ক্ষাকে আমি সম্মান করি। আমি শুধু ফুটবল খেলতে চাই এবং সেটা ফের শুরু করতে মুখিয়ে আছি। মৌসুমের বাকি সময়ের জন্য ইউনাইটেডের সবাইকে শুভকামনা।”

গত ডিসেম্বরের মাঝামাঝি সময়ের পর থেকে র‍্যাশফোর্ডকে আর খেলাননি ইউনাইটেড কোচ রুবেন আমুরি। অনুশীলনে র‍্যাশফোর্ডের নিবেদনে একেবারেই সন্তুষ্ট নন কোচ। বিরক্তিভরা কণ্ঠে সম্প্রতি এই পর্তুগিজ কোচ বলেন, প্রয়োজন হলে ৬৩ বছর বয়সী গোলকিপিং কোচ জর্জ ভিতালকেও তিনি মাঠে নামাতে প্রস্তুত আছেন, তবু এখনকার অবস্থায় র‍্যাশফোর্ডকে খেলাবেন না। মূলত এরপরই ওল্ড ট্র্যাফোর্ডে র‍্যাশফোর্ডের ভবিষ্যৎ আরও বেশি অনিশ্চিত হয়ে পড়ে।

## চোটে মৌসুম শেষ ড্রাগুসিনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ডান পায়ের হাঁটুতে অগ্রবর্তী ক্রুসিয়েট লিগামেন্টে (এসিএল) আঘাতের কারণে এ মৌসুমে আর মাঠ নামতে পারবেন না টটেনহ্যাম হটস্পারের ডিফেন্ডার রাডু ড্রাগুসিন।

গত সপ্তাহে ইউরোপা লিগে এলফসবার্গের বিপক্ষে ম্যাচে চোট পেয়েছিলেন তিনি। পরে অস্ত্রোপচারও করতে হয়েছিল ২৩ বছর বয়সী এই ডিফেন্ডারের। এবার জানা গেল, এসিএলের চোটে বাকি মৌসুম থেকে ছিটকে গেলেন তিনি। তিনি কমপক্ষে ছয় মাস মাঠের বাইরে থাকবেন বলে ধারণা করা হচ্ছে।

এ বিষয়ে টটেনহ্যাম বলছে, ড্রাগুসিনকে আমাদের মেডিকেল টিম দ্বারা মূল্যায়ন করা হবে যে, তিনি কখন প্রশিক্ষণে ফিরতে পারবেন।

টটেনহ্যামের হয়ে শেষ ২৩টি ম্যাচের ২১টিতেই শুরুর একাদশে ছিলেন ড্রাগুসিন। তবে, চোটে পড়ায় দীর্ঘ সময় মাঠের বাইরে দর্শক হয়েই কাটাতে হবে তাকে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR